DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 16 Aug 2026, 07:12 AM

সারাদেশ

# অনলাইন জুয়ার আসরে র‍্যাবের অভিযান: এজেন্টসহ আটক ৮

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি
প্রকাশের তারিখ: বৃহস্পতিবার, ৩০ জুলাই ২০২৬, ০১:০৭ PM



ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

ব্রাহ্মণবাড়িয়া পৌরশহরের প্রাণকেন্দ্রে অভিযান চালিয়ে অনলাইন জুয়ার (বেটিং) আসর থেকে মূল এজেন্টসহ ৮ জনকে হাতেনাতে আটক করেছে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব-৯)।

বুধবার (২৯ জুলাই) রাত ৮টার দিকে শহরের নিউ মার্কেট সংলগ্ন শফিক প্লাজায় এ অভিযান পরিচালনা করা হয়। র‍্যাব জানায়, গোপন সংবাদের ভিত্তিতে বুধবার রাতে শফিক প্লাজার চতুর্থ তলায় আকস্মিক অভিযান চালায় র‍্যাব-৯ এর একটি আভিযানিক দল। অভিযান চলাকালে সেখানে ইন্টারনেট ব্যবহার করে অনলাইনে জুয়া (বেটিং) খেলা অবস্থায় চক্রের এজেন্টসহ ৮ জনকে হাতেনাতে আটক করেন র‍্যাব সদস্যরা।

এ অভিযানের বিষয়টি নিশ্চিত করে র‍্যাব-৯, সিপিসি-১, ব্রাহ্মণবাড়িয়ার কোম্পানি কমান্ডার ও অতিরিক্ত পুলিশ সুপার মোহাম্মদ নূরনবী

জানান, আটককৃতরা দীর্ঘদিন ধরে অনলাইনে বেটিং সাইটের মাধ্যমে জুয়া পরিচালনা করে আসছিল। হাতেনাতে আটক হওয়া এই ৮ জনের বিরুদ্ধে যথাযথ আইনগত প্রক্রিয়ায় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

যুবসমাজকে অবক্ষয়ের হাত থেকে রক্ষা করতে এবং সমাজ থেকে অপরাধ ও অনলাইন জুয়া নির্মূলে র‌্যাবের এ ধরনের অভিযান আগামীতেও অব্যাহত থাকবে, কঠোর হুঁশিয়ারি দেন এই র‌্যাব কর্মকর্তা। আটককৃতদের বিরুদ্ধে নিয়মিত মামলা দায়েরের মাধ্যমে সংশ্লিষ্ট থানায় হস্তান্তরের প্রক্রিয়া চলছে বলে র‌্যাব সূত্রে জানা যায়।

---

## এ বিভাগের আরও খবর



**রাঙামাটিতে পিকআপ উল্টে নিহত ৪**
রাঙামাটির মানিকছড়িতে পিকআপ উল্টে দুই নারীসহ চারজন নিহত হয়েছেন। এ সময় আরো তিনজন আহত হয়েছেন।রবিবার (১৬ আগস্ট) ভোরে সদর উপজেলার সাপছড়ি ইউনিয়নের...



**চাঁদার ৫০ হাজার টাকা না দেওয়ায় ব্যবসায়ীকে হাতুড়িপেটার অভিযোগ**
নওগাঁর মান্দায় ৫০ হাজার টাকা চাঁদা না দেওয়ায় এক ব্যবসায়ীকে হাতুড়ি ও লোহার রড দিয়ে মারধরের অভিযোগ উঠেছে। বৃহস্পতিবার (১৩ আগস্ট) বেলা ১১টার দি...




**মসজিদের ভেতরে মুসল্লিকে হাঁসুয়া দিয়ে কুপিয়ে জখম**
নওগাঁর মান্দায় মসজিদের ভেতরে ঢুকে মামুনুর রশিদ মামুন (৩৮) নামের এক মুসল্লিকে হাঁসুয়া দিয়ে কুপিয়ে জখম করার অভিযোগ উঠেছে। শনিবার (১৫ আগস্ট) ভো...




### শোক দিবসে খিচুড়ি রান্নার সময় ইউপি চেয়ারম্যানসহ ২ জন গ্রেপ্তার

কুষ্টিয়ার ভেড়ামারায় শোক দিবস উপলক্ষে খিচুড়ি রান্নার সময় ইউনিয়ন পরিষদের (ইউপি) চেয়ারম্যানসহ দুই ভাইকে গ্রেপ্তার করেছেন পুলিশ। শনিবার (১৫...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/saradesh/onlain-juyar-asre-rjaber-obhijan-ejentsh-atk-8